# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জেলা প্রশাসকের কার্যালয়, যশোর

এস. এ শাখা

www.jessore.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ০৫.৪৪.৪১০০.০০৫.১৬.১৮৮.২২-

তারিখ: বৈশাখ ১৪২৯
এপ্রিল ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৫/১২/২০২১ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.১৯.৫৫৬ নং স্মারকে ছাড় পত্রের প্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার গত ২১/০৪/২০২২ খ্রি: তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৩৬.০৮৮.২১-১৪ (৬) নং স্মারকে অনুমোদনপ্রাপ্ত হয়ে জেলা প্রশাসকের কার্যালয়, যশোরের রাজস্ব প্রশাসনাধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও যশোর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৯<br>(নয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) থাকতে হবে। |
| ০২ | ট্রেসার | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে ড্রয়িং বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত।<br>(গ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা। |
| ০৩ | নাজির কাম-ক্যাশিয়ার | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) থাকতে হবে। |
| ০৪ | সার্টিফিকেট পেশকার | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৫<br>(পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) থাকতে হবে। |
| ০৫ | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) থাকতে হবে। |
| ০৬ | ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ১১<br>(এগার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) থাকতে হবে। |
| ০৭ | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৭<br>(সাত) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা উহার সমমানের জিপিএসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) থাকতে হবে। |

**শর্তাবলী**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও যশোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯/১২/২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর পরিপত্রে প্রকাশিত নির্ধারিত ফরম অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সম্বলিত এক পাতার আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম www.mopa.gov.bd; জেলা প্রশাসক, যশোর এর ওয়েব সাইট www.jessore.gov.bd. হতে সংগ্রহ করা যাবে।

৩। প্রার্থীর বয়সসীমা ০১/০৫/২০২২ খ্রি: তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। প্রতিবন্ধী ও অন্যান্য কোটার দাবীদার প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র দাখিল করতে হবে।

৪। প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র,জন্ম তারিখ,জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

৫। উল্লিখিত পদে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা মাত্র হিসাব কোড নম্বর ১-০৭৪২-০০০০-২০৩১ এ ট্রেজারী চালান মারফত জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সংগে দাখিল করতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগতযোগ্যতা এবং কম্পিউটার টাইপ (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত সকল প্রকার মূল কাগজপত্র উপস্থাপন করতে হবে।

৭। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি ৫X৫ সে:মি: আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

৮। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫X১০ সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপর নিজ যোগাযোগের ঠিকানাসহ পদের নাম উল্লেখ করতে হবে।

৯। পৌরসভার মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে।

১০। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

১১। ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৪। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, কম্পিউটার পারদর্শীতার প্রমাণস্বরুপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৫। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৬। স্বহস্তে লিখিত আবেদনপত্র সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ৩১/০৫/২০২২ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসক, যশোর এঁর কার্যালয়ে পৌঁছাতে হবে। কম্পিউটারে টাইপকৃত, নির্ধারিত ফরম ব্যতীত অথবা অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৮। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

১৯। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মো: তমিজুল ইসলাম খান
জেলা প্রশাসক
যশোর।

স-১১৯০ (১০×৪)